# সাংগঠনিক কাঠামো

**সিলেট পানি উন্নয়ন সার্কেল -২৪৯**

১ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
১ সহকারী প্রকৌশলী (পুর)
১ সহকারী পরিচালক (প্রশাসন)
১ এসএই/শাখা কর্মকর্তা(পুর)/প্রাক্কলনিক
১ স্টেনোগ্রাফার/পিএ
১ উর্ধ্বতন হিসাব সহকারী
১ ডাটা এন্ট্রি অপারেটর
১ ড্রাইভার (ভেহিক্যাল)
৩ অফিস সহায়ক
১ নিরাপত্তা প্রহরী (চৌকিদার)
১ পরিচ্ছন্নতা কর্মী
১৩

**সিলেট র‍্যাক-৯**

১ সহকারী পরিচালক (অহিনি)
১ হিসাব রক্ষক
১ সহকারী হিসাব রক্ষক
১ উর্ধ্বতন হিসাব সহকারী
২ হিসাব করণিক
১ ডাটা এন্ট্রি অপারেটর
১ অফিস সহায়ক
১ নিরাপত্তা প্রহরী (চৌকিদার)
৯

- **সিলেট পানি উন্নয়ন বিভাগ**
  - সিলেট পানি উন্নয়ন উপ-বিভাগ-১
    - সিলেট পানি উন্নয়ন সেকশন-১
    - সিলেট পানি উন্নয়ন সেকশন-২
    - জৈয়ন্তাপুর পানি উন্নয়ন সেকশন
  - সিলেট পানি উন্নয়ন উপ-বিভাগ-২
    - সিলেট পানি উন্নয়ন সেকশন-৩
    - কানাইঘাট পানি উন্নয়ন সেকশন
    - ফেঞ্চুগঞ্জ পানি উন্নয়ন সেকশন
  - সিলেট পানি উন্নয়ন উপ-বিভাগ-৩
    - জকিগঞ্জ পানি উন্নয়ন সেকশন-১
    - জকিগঞ্জ পানি উন্নয়ন সেকশন-২
    - জকিগঞ্জ পানি উন্নয়ন সেকশন-৩
- **সুনামগঞ্জ পানি উন্নয়ন বিভাগ-১**
  - সুনামগঞ্জ পানি উন্নয়ন উপ-বিভাগ-১
    - সুনামগঞ্জ পানি উন্নয়ন সেকশন-১ (সদ)
    - জামালগঞ্জ পানি উন্নয়ন সেকশন
    - তাহিরপুর পানি উন্নয়ন সেকশন
  - সুনামগঞ্জ পানি উন্নয়ন উপ-বিভাগ-৩
    - সুনামগঞ্জ পানি উন্নয়ন সেকশন-২
    - ধর্মপাশা পানি উন্নয়ন সেকশন-১
    - ধর্মপাশা পানি উন্নয়ন সেকশন-২
  - সুনামগঞ্জ পানি উন্নয়ন উপ-বিভাগ-২
    - দিরাই পানি উন্নয়ন সেকশন-১
    - দিরাই পানি উন্নয়ন সেকশন-২
- **সুনামগঞ্জ পানি উন্নয়ন বিভাগ-২**
  - দোয়ারাবাজার পওর উপ-বিভাগ
    - দোয়ারাবাজার পওর সেকশন-১
    - দোয়ারাবাজার পওর সেকশন-২
    - দোয়ারাবাজার পওর সেকশন-৩
  - জগন্নাথপুর পানি উন্নয়ন উপ-বিভাগ
    - জগন্নাথপুর পানি উন্নয়ন সেকশন-১
    - জগন্নাথপুর পানি উন্নয়ন সেকশন-২
  - দিরাই পওর উপ-বিভাগ-২
    - দিরাই সেকশন-১
    - দিরাই সেকশন-২
    - দিরাই সেকশন-৩

<u>কার্যক্রম</u>

সরকার কর্তৃক গৃহীত জাতীয় পানি নীতি ও জাতীয় পানি মহাপরিকল্পনার আলোকে এবং এই বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন,২০০০-এর বিধানাবলী সাপেক্ষে, বোর্ড নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন এবং তদুদ্দেশ্যে প্রয়োজনীয় প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে, যথা:-

**<u>কাঠামোগত কার্যাবলী:</u>**

(ক) নদী ও নদী অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন, সেচ ও খরা প্রতিরোধের লক্ষ্যে জলাধার, ব্যারেজ, বাঁধ, রেগুলেটর বা অন্য যে কোন অবকাঠামো নির্মাণ;

(খ) সেচ, মৎস্য চাষ, নৌ-পরিবহণ, বনায়ন, বন্যপ্রাণী সংরক্ষণ ও পরিবেশের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে পানি প্রবাহের উন্নয়ন কিংবা পানি প্রবাহের গতিপথ পরিবর্তনের জন্য জলপথ, খালবিল ইত্যাদি পুনঃখনন;

(গ) ভূমি সংরক্ষণ, ভূমি পরিবৃদ্ধি ও পুনরুদ্ধার এবং নদীর মোহনা নিয়ন্ত্রণ;

(ঘ) নদীর তীর সংরক্ষণ এবং নদী ভাঙ্গন হইতে সম্ভাব্য ক্ষেত্রে শহর, বাজার, হাট এবং ঐতিহাসিক ও জাতীয় জনগুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ;

(ঙ) উপকূলীয় বাঁধ নির্মাণ ও সংরক্ষণ;

(চ) লবণাক্ততার অনুপ্রবেশ রোধ এবং মরুকরণ প্রশমন;

(ছ) সেচ, পরিবেশ সংরক্ষণ ও পানীয় জল আহরণের লক্ষ্যে বৃষ্টির পানি ধারণ৷

**অ-কাঠামোগত ও সহায়ক কার্যাবলী:**

(জ) বন্যা ও খরা পূর্বাভাস ও সতর্কীকরণ;

(ঝ) পানিবিজ্ঞান সম্পর্কিত অনুসন্ধান কার্য পরিচালনা এবং এতদসম্পর্কিত তথ্য ও উপাত্ত গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ;

(ঞ) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট সংস্থার সহযোগিতায় এবং সম্ভাব্য ক্ষেত্রে বোর্ডের সৃষ্ট অবকাঠামোভুক্ত নিজস্ব জমিতে বনায়ন, মৎস্য চাষ কর্মসূচী বাস্তবায়ন এবং বাঁধের উপর রাস্তা নির্মাণ;

(ট) বোর্ডের কার্যাবলীর উপর মৌলিক ও প্রায়োগিক গবেষণা;

(ঠ) বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সুফল সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মধ্যে অব্যাহত রাখার লক্ষ্যে সুবিধাভোগীদের সংগঠিতকরণ, প্রকল্পে তাহাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রকল্প রক্ষণাবেক্ষণ ও পরিচালন এবং প্রকল্প ব্যয় পুনরুদ্ধার সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন, বাস্তবায়ন ও পরিচালন৷

(২) বোর্ড উপ-ধারা (১)-এ বর্ণিত কার্যাবলী নিম্নবর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে সম্পাদন করিবে, যথা:-

(ক) প্রকল্প গ্রহণের জন্য সরকার কর্তৃক নির্দেশিত মানদন্ড অনুসরণপূর্বক প্রকল্প প্রস্তাবনা পেশকরণ;

(খ) কারিগরী সম্ভাব্যতা যাচাইয়ের ক্ষেত্রে নূতন উপাত্ত সংগ্রহ কিংবা ভৌত ও গাণিতিক মডেল সমীক্ষার প্রয়োজন থাকিলে উহা সম্পাদন;

গ) প্রকল্পের পূর্ণ সফলতার জন্য যে সকল মন্ত্রণালয় ও সংস্থার অংশগ্রহণ প্রয়োজন, প্রকল্প প্রক্রিয়াকরণের শুরু হইতেই উহাদের সম্পৃক্তকরণ এবং প্রকল্পে উহাদের জন্য সুনির্দিষ্ট কার্যক্রম সন্নিবেশকরণ;

(ঘ) প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণে প্রকল্প এলাকার জনগণের অংশগ্রহণ সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন এবং প্রকল্প দলিলে উহার প্রাতিষ্ঠানিক বিন্যাস লিপিবদ্ধকরণ;

(ঙ) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ক্ষতিপূরণ ও পুনর্বাসন সংক্রান্ত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পেশকরণ;

(চ) প্রকল্প বাস্তবায়নের ফলে কৃষিকাজ, পরিবেশ, নৌ-চলাচল, পানি প্রবাহ, মত্স্য সম্পদ, জনজীবন ও পারিপার্শ্বিক এলাকায় উহার প্রভাব ও বিরূপ প্রতিক্রিয়া (যদি থাকে) এবং উহার সম্ভাব্য প্রতিকার সম্পর্কে প্রতিবেদন প্রণয়ন।

## বোর্ডের ক্ষমতা ও দায়িত্ব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন,২০০০-এর বিধানাবলী সাপেক্ষে, পানি সম্পদের উন্নয়ন ও দক্ষ ব্যবস্থাপনা এবং ধারা ৬-এ বর্ণিত কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে বোর্ড সমগ্র বাংলাদেশ অথবা উহার যে কোন অংশে কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন ক্ষমতা ও দায়িত্বের সামগ্রিকতা ক্ষুণ্ন না করিয়া, বোর্ডের নিম্নবর্ণিত ক্ষমতা ও দায়িত্ব থাকিবে, যথা:-

(ক) কোন ব্যক্তির আইনসংগত অধিকার ক্ষুণ্ন না করিয়া, সরকারের পূর্বানুমোদনক্রমে, সকল নদী, জলপথ ও ভূ-গর্ভস্থ পানিস্তরের পানি প্রবাহ নিয়ন্ত্রণ;

(খ) ধারা ৬-এর বিধানাবলী অনুসারে নির্মিত সকল পানি নিয়ন্ত্রণ অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ মান ও নির্দেশিকা উদ্ভাবন ও প্রয়োগ;

(গ) বোর্ডের কার্যাবলী সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় কলকারখানা, মেশিন, যন্ত্রপাতি ও অন্যান্য সহায়ক সরঞ্জাম সংগ্রহের জন্য চুক্তি স্বাক্ষর;

(ঘ) সরকার কর্তৃক অনুমোদিত প্রকল্প দলিলের ভিত্তিতে প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ ও সহায়তা লাভের জন্য কোন স্থানীয় সরকারী সংস্থা, স্থানীয় বা আন্তর্জাতিক পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর;

(ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে, বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচ প্রকল্পসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য সার্ভিস চার্জ ধার্যকরণ ও আদায়;

(চ) যে কোন সরকারী সংস্থার পক্ষে পানি সংশ্লিষ্ট যে কোন প্রকল্প, উহার সম্পূর্ণ কারিগরী, প্রশাসনিক ও আর্থিক নিয়ন্ত্রণ বজায় রাখিয়া ডিপোজিট ওয়ার্ক হিসাবে বাস্তবায়ন।